দৈনিক ইত্তেফাক

তারিখ 05 MAR 1988
পৃষ্ঠা 1 কলাম 3

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

# ছাত্র সংঘর্ষ ॥ ইসলামী বিশ্ববিদ্যালয় বন্ধ ঘোষণা

(ইত্তেফাক রিপোর্ট)

দুইদিন ধরিয়া ব্যাপক ছাত্র সংঘর্ষের মুখে আজ (রবিবার) হইতে ১১ দিনের জন্য ইসলামী বিশ্ববিদ্যালয় বন্ধ ঘোষণা করা হইয়াছে। ছাত্রদেরকে আজ সকাল ১০টার মধ্যে হল ত্যাগ করিয়া

(শেষ পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

## ইসলামী বিশ্ববিদ্যালয়

(১ম পৃঃ পর)

চলিয়া যাওয়ার জন্য কর্তৃপক্ষ নির্দেশ দিয়াছেন।

প্রাপ্ত খবরে প্রকাশ, গত দুইদিন ধরিয়া ইসলামী বিশ্ববিদ্যালয়ে ছাত্র সংগ্রাম পরিষদ ও ইসলামী ছাত্র শিবিরের মধ্যে কয়েক দফা সংঘর্ষ হয়। হলে হলে ভাংচুর ও বিক্ষিপ্ত ভাবে অগ্নি সংযোগের ঘটনাও ঘটে। এই সন্ত্রাস ও আতঙ্কজনক ঘটনায় সাধারণ ছাত্ররা ইতিমধ্যেই ক্যাম্পাস ত্যাগ করিয়া চলিয়া গিয়াছে। ছাত্র শিবির দাবী করিয়াছে যে, ছাত্র সংগ্রাম পরিষদ কর্মীদের হামলায় তাহাদের ৬ জন কর্মী গুরুতর আহত হইয়াছে এবং শিবির কর্মীদের বলপূর্বক ক্যাম্পাস হইতে বাহির করিয়া দিয়াছে।

সন্ত্রাস-হামলার কারণে গতকাল (শনিবার) পূর্ব নির্ধারিত পরীক্ষা অনুষ্ঠিত হইতে পারে নাই। ইসলামী বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের এক বিজ্ঞপ্তিতে জানান হইয়াছে যে, অনিবার্য কারণে ইসলামী বিশ্ববিদ্যালয়ের ক্লাস, দ্বিতীয় সাময়িক এবং ভর্তি পরীক্ষা ৫ই মার্চ হইতে ১৬ই মার্চ পর্যন্ত বন্ধ থাকিবে। ১৮ই মার্চ বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কার্যালয় পুনরায় শুরু হইবে। বিজ্ঞপ্তিতে আজ সকাল ১০টার মধ্যে ছাত্রদের হল ত্যাগের নির্দেশ দেওয়া হইয়াছে।